

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯৮৮

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ১৪. দ্বিতীয় অনুচ্ছেদ - ভাড়ায় প্রদান ও শ্রম বিক্রি

আরবী

وَعَنِ الْحُسَيْنِ بْنِ عَلِيّ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «لِلسَّائِلِ حَقٌّ وَإِنْ جَاءَ عَلَى فَرَسٍ» . رَوَاهُ أَحْمد وَأَبُو دَاؤد وَفِي المصابيح: مُرْسل

বাংলা

২৯৮৮-[৮] হুসায়ন ইবনু 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যাচ্ঞাকারীর হক রয়েছে, যদিও সে ঘোড়ায় চড়ে আসে। (আহমাদ ও আবূ দাউদ; আর মাসাবীহতে মুরসালরূপে বর্ণিত হয়েছে)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ১৬৬৫, আহমাদ ১৭৩০, সহীহ ইবনু খুযায়মাহ্ ২৪৬৮, য'ঈফাহ্ ১৩৭৮, য'ঈফ আল জামি' ৪৭৪৬। কারণ এর সনদে 'ইয়া'লা বিন আবী ইয়াহ্ইয়া' একজন অপরিচিত রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (السَّائِلِ حَقُّ وَإِنْ جَاءَ عَلَى فَرَسٍ) অর্থাৎ যাঞ্চাকারী ঘোড়ায় আরোহণ করে এলেও তাকে বিমুখ করবে না। এতে ঐ মুসলিম ব্যক্তি সম্পর্কে উত্তম ধারণা করতে নির্দেশ আছে যে মুসলিম যাঞ্চা করার মুখোমুখী হয়েছে তার প্রতি মন্দ ধারণার মাধ্যমে এবং তাকে অপমানিত করার মাধ্যমে তার মুখোমুখী হওয়া যাবে না। বরং তার প্রতি আনন্দ প্রকাশের মাধ্যমে তাকে সম্মান করতে হবে। নিশ্চয় যে ঘোড়াটি তার অধীনে আছে তা ধার করাও হতে পারে অথবা সে ঐ ব্যক্তিরও অন্তর্ভুক্ত হতে পারে ধনী হওয়া সত্ত্বেও যার জন্য যাকাত গ্রহণ বৈধ। এমন হতে পারে যে, সে অন্যের দায় বহন করে অথবা পরস্পরের মাঝে শক্রতার মীমাংসা করতে গিয়ে ঋণগ্রস্ত হয়ে পড়েছে অথবা সে আল্লাহর পথে অংশগ্রহণকারীদের একজন হতে পারে তখন এ ব্যক্তি যাকাত হতে অমুখাপেক্ষী হওয়া সত্ত্বেও তার জন্য যাকাত গ্রহণ করা বৈধ হবে। ('আওনুল মা'বৃদ ৩য় খন্ড, হাঃ ১৬৬২)

ইবনুল আসীর 'নিহায়াহ্'তে বলেন, যাঞ্চাকারী, অনুসন্ধানকারী-এর তাৎপর্য হলো- যাঞ্চাকারী যখন তোমার সম্মুখীন



হবে তখন তার ব্যাপারে উত্তম ধারণা করতে নির্দেশ দেয়া হয়েছে। সত্যায়ন করা সম্ভবপর হওয়া সত্ত্বেও মিথ্যারোপ ও ফিরিয়ে দেয়ার মাধ্যমে তাকে ক্ষতিগ্রস্ত না করা। অর্থাৎ- তুমি যাঞ্চাকারীর ক্ষতি করবে না যদিও তার দৃশ্য তোমাকে সন্দেহে পতিত করে, সে ঘোড়ায় আরোহণ করে আসে, কেননা ব্যক্তির কখনো ঘোড়া থাকে তার পেছনে থাকে পরিবার অথবা ঋণ যার উপস্থিতিতে তার সাদাকা গ্রহণ বৈধ হয় অথবা সে যোদ্ধা অথবা ঋণগ্রস্তদের অন্তর্ভুক্ত হতে পারে, আর তার জন্য সদাকাতে একটি অংশ রয়েছে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ হুসাইন ইবনু 'আলী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন